গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঠাকুরগাঁও।
http//: food.thakurgaon.gov.bd
www.dgfood.gov.bd

গণভোট ২০২৬ সংসদ নির্বাচন দেশের চাবি আপনার হাতে

স্মারক নং-১৩.০১.৯৪০০.০০০.০০৫.১৬.০০০১.২৫-৯০৪

তারিখঃ ০৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১৮.০১.২০২৬খ্রিস্টাব্দ

## ধান ছাঁটাই সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা ঠাকুরগাঁও জেলার আমন সংগ্রহ/২০২৫-২৬ মৌসুমে চুক্তির সমুদয় চাল সরবরাহকারী সকল বৈধ লাইসেন্সধারী অটোমেটিক/মেজর/হাস্কিং চালকল মালিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ আমন সংগ্রহ/২০২৫-২৬ মৌসুমে ঠাকুরগাঁও জেলার **সরকারি** এলএসডি সমূহে সদ্য সংগৃহীত আমন/২০২৫-২৬ ধান ছাঁটাইয়ের জন্য ঐ উপজেলা'র আগ্রহী মিলাদের নিজস্ব প্যাডে নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। কোন উপজেলায় ধান ছাঁটাইয়ের জন্য আগ্রহী মিলার পাওয়া না গেলে জেলা'র অন্য যে কোন উপজেলার চালকল ধান ছাঁটাইয়ের জন্য আবেদন করতে পারবেন।

**শর্তাবলী**

১। ধান ছাঁটাইয়ের জন্য আগ্রহী চালকল মালিকের মিলিং ও ফুডগ্রেইন লাইসেন্স থাকতে হবে;
২। ধান ছাঁটাইয়ে আগ্রহী চালকলের নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় অবকাঠামোসহ মিল চালু থাকতে হবে;
৩। যোগ্য চালকল মালিকগণকে আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট এলএসডি'র ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট হতে মূল চুক্তির সমুদয় পরিমাণ চাল পরিশোধের প্রত্যয়নপত্রসহ নবায়িত মিল লাইসেন্স, ফুডগ্রেইন লাইসেন্স, সর্বশেষ মাসের পরিশোধিত বিদ্যুৎ বিলের ফটোকপি এবং মিল মালিকের ০২ (দুই)কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে। এছাড়া LGED এর নিকট হতে এসএসডি হতে মিলের দূরত্বের প্রত্যয়ন দাখিল করতে হবে।
৪। ধানের সংগ্রহমূল্য ৩৪.০০ টাকা (প্রতি কেজি) হিসেবে প্রতি মে.টন ধানের জন্য ৩৭,৪০০/- (১১০% হারে) টাকা হারে জামানত (ফেরতযোগ্য) প্রদান করতে হবে।
৫। ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
৬। বরাদ্দ প্রাপ্ত মিলার তার নিজের মিলে ধান ছাঁটাই করে সর্টার করা চাল প্রস্তুত করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও খাদ্য পরিদর্শক/উপখাদ্য পরিদর্শকের নিকট হতে মিলে বিনির্দেশ সম্মত ফলিত সিদ্ধ চাল প্রস্তুত হচ্ছে মর্মে প্রত্যয়ন গ্রহণ করবেন।
৭। ধান ও ফলিত সিদ্ধ চালের অনুপাত হবে ৬০ : ৩৯.৮৭৫ অর্থাৎ ১০০: ৬৬.৪৫৮।
৮। সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা উক্ত প্রত্যয়ন পত্রের ভিত্তিতে আনীত ফলিত সিদ্ধ চাল বিনির্দেশের মধ্যে আছে মর্মে নিশ্চিত হয়ে গুদামে চাল এবং অবশিষ্ট পরিমাণ খালিবস্তা গ্রহণ করে সকল রেকর্ডপত্র যথা এলইউএ, খামাল কার্ড, গুদাম লেজার ইত্যাদিতে লিপিবদ্ধ করবেন।
৯। সংশ্লিষ্ট মিলারকে নিজ দায়িত্বে খাদ্যশস্য পরিবহন করতে হবে; ফলিত সিদ্ধ চাল সংশ্লিষ্ট এলএসডিতে সরবরাহের পর অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঠাকুরগাঁও এর হিসাব শাখা হতে মিলিং ও পরিবহন বিল প্রদান করা হবে।
**১০। নীতিমালা অনুযায়ী ধান ছাঁটাইয়ের ক্ষেত্রে অটোমেটিক চালকল অগ্রাধিকার পাবে।**
১১। হাস্কিং মিল ছাঁটাইয়ের জন্য ধান গ্রহণ করলে চাল প্রস্তুত করে কালার সর্টার মেশিনে সর্টিং করে দিতে হবে।
১২। বিস্তারিত তথ্যাদি জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ের সংগ্রহ শাখা/সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় হতে জানা যাবে।

**এছাড়াও এদ্‌সংক্রান্ত পরবর্তীতে কোন সরকারি নির্দেশনা পাওয়া গেলে মিলার/মিলারদের অবশ্যই পরিপালন করতে হবে।**

১৮.০১.২৬

মোঃ জিয়াউল হক শাহ্
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও
ও আহরণ-ব্যয়ন কর্মকর্তা
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ঠাকুরগাঁও।

১৮.০১.২৬

বিতরণ ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, প্রশাসন/সংগ্রহ/চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, ঠাকুরগাঁও।
৬। উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর/পীরগঞ্জ/রাণীশংকৈল/হরিপুর/বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও ।
৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ঠাকুরগাঁও সদর/পীরগঞ্জ/রাণীশংকৈল/হরিপুর/বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও। **ধান ছাঁটাইয়ে যোগ্য চালকল সমূহের আবেদন এবং পে-অর্ডার সংগ্রহ মূল্যের ১১০% (ব্যাংক কর্তৃক প্রত্যয়ন পত্র সহ) যাচাই করে সুপারিশ সহকারে সংশ্লিষ্ট কাগজপত্রসহ অত্র দপ্তরের অগ্রগামী করবেন।**
৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কারিগরী, ঠাকুরগাঁও ।
৯। কারিগরী খাদ্য পরিদর্শক, ঠাকুরগাঁও।
১০। খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঠাকুরগাঁও সদর/পীরগঞ্জ/রাণীশংকৈল/হরিপুর/বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও ।
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ......................, ঠাকুরগাঁও। **মিলার অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা এবং ধান ছাঁটাই সংক্রান্ত উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক চুক্তি সম্পাদনকারী বরাদ্দ প্রাপ্ত মিলারের অনুকূলে ধান সরবরাহ এবং বিনির্দেশ সম্মত ফলিত চাল গ্রহণ করবেন।**
১২। সভাপতি, জেলা চালকল মালিক সমিতি, ঠাকুরগাঁও।
১৩। সভাপতি, উপজেলা মিল মালিক সমিতি, ঠাকুরগাঁও সদর/পীরগঞ্জ/রাণীশংকৈল/হরিপুর/বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও ।
১৪। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
১৫। দপ্তর নথি।

F:\SHAMIM\Boraddo Adesh\Amon'25-26\Paddy\Paddy Crassing Notice.doc